গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ডি-৮ শাখা
গণভবন কমপ্লেক্স, শেরেবাংলা নগর, ঢাকা
www.mod.gov.bd



নম্বর: ২৩.০০.০০০০.০০০.১০১.৯৯.০০২৬.২৬-৯১

তারিখ: ২৪ কার্তিক ১৪৩৩ / ০৯ নভেম্বর ২০২৬

বিষয়: '০৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ' কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'সেল'-এর ৫ম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, আগামী ০৪ (চার) বছরের বৃক্ষরোপণের লক্ষ্যমাত্রা নির্ধারণ, রোপিত চারার রক্ষণাবেক্ষণ ও পরিচর্যা, সবুজ কর্মসংস্থান সৃজন ও নার্সারি উদ্যোক্তা তৈরির সমন্বিত কর্মপরিকল্পনা প্রেরণ।

সূত্র: পরিবেশ,বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের পত্র নম্বর: ২২.০০.০০০০.০০০.০৯৩.০৬.০০০১.২৬.৬৪; তারিখ: ০৪ নভেম্বর ২০২৬।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, '০৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ' সরকারের অন্যতম নির্বাচনী অঙ্গীকার ও অগ্রাধিকার কর্মসূচি। বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'সেল'-এর ৫ম সভায় এবং সহায়ক টাস্কফোর্সের সভায় সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক আগামী ০৪ (চার) বছরের বছরভিত্তিক বৃক্ষরোপণের লক্ষ্যমাত্রা নির্ধারণ, রোপিত চারার পরিচর্যা ও রক্ষণাবেক্ষণ, সবুজ কর্মসংস্থান সৃজন ও নার্সারি উদ্যোক্তা তৈরির বিষয়ে সুনির্দিষ্ট ও তথ্যবহুল কর্মপরিকল্পনা তৈরি করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। এমতাবস্থায়, পরিবেশ,বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের থেকে প্রাপ্ত পত্রের মর্মানুযায়ী আগামী ১৭ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে নিম্নবর্ণিত তথ্যাদি প্রেরণের জন্য অনুরোধ করা হলো:

ক) সংযুক্ত কর্মপরিকল্পনার ছকসমূহ অনুসরণ করে আগামী ০৪ (চার) বছরের একটি পূর্ণাঙ্গ ও সমন্বিত কর্মপরিকল্পনা প্রেরণ; এবং

খ) চারা রোপণের নিয়মিত তথ্য প্রেরণের ক্ষেত্রে হালনাগাদকৃত পাক্ষিক তথ্য ছক অনুসরণ;

সংযুক্তিসমূহঃ

(১) সেল এর ৫ম সভার কার্যবিবরণী
(২) আগামী ০৪ বছরের সমন্বিত কর্মপরিকল্পনা ছক
(৩) পাক্ষিক বৃক্ষরোপন সংক্রান্ত তথ্য ছক

০৭.১১.২০২৬

মোহাম্মদ কামরুল হাসান মোল্যা
যুগ্মসচিব
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ফোন: ০২-২২৩৩১৬০২৩
ইমেইল: branch11@mod.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সেনাসদর, জিএস শাখা, এসডি পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২। নৌসদর, পরিকল্পনা পরিদপ্তর, বনানী, ঢাকা।
৩। বিমান সদর, প্রশাসনিক সমন্বয় পরিদপ্তর, প্রশাসনিক শাখা, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৪। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ), ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্ট, সেগুনবাগিচা, ঢাকা।
৫। কমান্ড্যান্ট, ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা।

পৃষ্ঠা-১/২

CamScanner

৬। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৭। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (ইএএলবি), ঢাকা সেনানিবাস, ঢাকা।
৮। মহাপরিচালক, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর, নতুন বিমান বন্দর সড়ক, ঢাকা।
৯। মহাপরিচালক, সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১০। সভাপতি, ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদ, এজি'র শাখা (সমন্বয়), সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১১। কমান্ড্যান্ট, সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা।
১২। কমান্ড্যান্ট, এমআইএসটি, মিরপুর সেনানিবাস, ঢাকা।
১৩। কমান্ড্যান্ট, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৪। কমান্ড্যান্ট, বাংলাদেশ সমরাস্ত্র কারখানা, গাজীপুর সেনানিবাস, গাজীপুর।
১৫। চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো), আগারগাঁও, ঢাকা।
১৬। মহাপরিচালক, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৭। মহাপরিচালক, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড, কাকরাইল, ঢাকা।
১৮। মহাপরিচালক, প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৯। সার্ভেয়ার জেনারেল, বাংলাদেশ জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
২০। পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী (সেনা), ঢাকা সেনানিবাস, ঢাকা।
২১। পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী (নৌ), লালাসরাই নাবিক কলোনী, মিরপুর-১৪, ঢাকা।
২২। পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী (বিমান), ঢাকা সেনানিবাস, ঢাকা।
২৩। পরিচালক, পূর্ত পরিদপ্তর, ই-ইন-সি'র শাখা, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২৪। মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় ক্যাডেট কোর, উত্তরা মডেল টাউন, ঢাকা।
২৫। প্রেসিডেন্ট, আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২৬। অনুবিভাগ প্রধান (সকল), প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২৭। পরিচালক, আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২৮। পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
২৯। অধিনায়ক, এমওডিসি সদর দপ্তর, রাজেন্দ্রপুর সেনানিবাস, গাজীপুর।
৩০। পরিচালক, গুপ্তসংকেত পরিদপ্তর, গণভবন কমপ্লেক্স, শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। সিস্টেম এনালিস্ট, প্রতিরক্ষা মন্ত্রণালয় (নোটিশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (অনুবিভাগ-৫)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। যুগ্মসচিব (অধিশাখা-১১)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অফিস কপি।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপন সেল
www.moefcc.gov.bd

স্মারক নম্বর: ২২.০০.০০০০.০০০.০৯৩.০৬.০০০১.২৬.৬৪

তারিখ: ১৯ কার্তিক ১৪৩৩ / ০৪ নভেম্বর ২০২৬

বিষয়: '০৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ' কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'সেল'-এর ৫ম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন এবং আগামী ০৪ (চার) বছরের বৃক্ষরোপণের লক্ষ্যমাত্রা নির্ধারণ, রোপিত চারার রক্ষণাবেক্ষণ ও পরিচর্যা, সবুজ কর্মসংস্থান সৃজন ও নার্সারি উদ্যোক্তা তৈরির সমন্বিত কর্মপরিকল্পনা প্রেরণ

সূত্র: সেল এর ৫ম সভার ৪.২ নং সিদ্ধান্ত

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, '০৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ' সরকারের অন্যতম নির্বাচনী অঙ্গীকার ও অগ্রাধিকার কর্মসূচি। বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'সেল'-এর ৫ম সভায় এবং সহায়ক টাস্কফোর্সের সভায় সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক আগামী ০৪(চার) বছরের বছরভিত্তিক বৃক্ষরোপণের লক্ষ্যমাত্রা নির্ধারণ, রোপিত চারার পরিচর্যা ও রক্ষণাবেক্ষণ, সবুজ কর্মসংস্থান সৃজন ও নার্সারি উদ্যোক্তা তৈরির বিষয়ে সুনির্দিষ্ট ও তথ্যবহুল কর্মপরিকল্পনা তৈরি করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। ইতোপূর্বে কর্মসূচির সাথে সংশ্লিষ্ট দপ্তরসমূহে সরকারের নির্বাচনী ইশতেহারের সাথে সঙ্গতি রেখে সমন্বিত কর্মপরিকল্পনা প্রেরণের পত্র দেওয়া হলেও সকল দপ্তর হতে পূর্ণাঙ্গ ও তথ্যবহুল কর্মপরিকল্পনা পাওয়া যায়নি। এই পরিপ্রেক্ষিতে, উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনার আলোকে পৃথক ছকে সমন্বিত কর্মপরিকল্পনার একটি কাঠামো প্রস্তুত করা হয়েছে এবং একইসাথে পাক্ষিক তথ্য প্রেরণের ছক হালনাগাদ করা হয়েছে (সংযুক্তি দ্রষ্টব্য)।

৩। উল্লেখ্য যে, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং মন্ত্রিপরিষদ বিভাগ হতেও নিয়মিত ভিত্তিতে ইশতেহার বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি এবং বৃক্ষরোপণ সংশ্লিষ্ট তথ্যাদি সংগ্রহ করা হচ্ছে।

৪। বর্ণিতাবস্থায়, সংযুক্ত কর্মপরিকল্পনার ছকসমূহ অনুসরণ করে ২০ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে আগামী ০৪(চার) বছরের একটি পূর্ণাঙ্গ ও সমন্বিত কর্মপরিকল্পনা প্রেরণ এবং চারা রোপণের নিয়মিত তথ্য প্রেরণের ক্ষেত্রে হালনাগাদকৃত পাক্ষিক তথ্য ছক অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিসমূহঃ
(১) সেল এর ৫ম সভার কার্যবিবরণী
(২) আগামী ৪ বছরের সমন্বিত কর্মপরিকল্পনা ছক
(৩) পাক্ষিক বৃক্ষরোপণ সংক্রান্ত তথ্য ছক

০৪-১১-২০২৬
মুহাম্মদ মনসুর উদ্দিন
উপসচিব
ফোন : +৮৮০২২২৬৬৪১৬৭০
ইমেইল : dsplantationcell@moefcc.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২। সিনিয়র সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৩। সিনিয়র সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ।

CamScanner

৪। সচিব, সচিবের দপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়।
৫। সচিব, সচিবের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়।
৬। সচিব, সচিবের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৭। সচিব, সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
৮। সচিব, সচিব এর দপ্তর, সেতু বিভাগ।
৯। সচিব, সচিবের দপ্তর, শিল্প মন্ত্রণালয়।
১০। সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
১১। সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১২। সচিব, সচিবের দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
১৩। সচিব, সচিবের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৪। সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
১৫। মহাপরিচালক(সচিব), মহাপরিচালক মহোদয়ের শাখা, এনজিও বিষয়ক ব্যুরো।
১৬। সচিব, সচিবের দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়।
১৭। সচিব, সচিবের দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
১৮। সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়।
১৯। ভারপ্রাপ্ত সচিব, সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়।
২০। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন।
২১। প্রধান বন সংরক্ষক (চলতি দায়িত্ব), প্রধান বন সংরক্ষকের দপ্তর, বন অধিদপ্তর।

স্মারক নম্বর: ২২.০০.০০০০.০০০.০৯৩.০৬.০০০১.২৬.৬৪/১ (৭)

তারিখ: ১৯ কার্তিক ১৪৩৩
০৪ নভেম্বর ২০২৬

অনুলিপি:
১। অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
২। যুগ্ম সচিব, ৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপন সেল, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৩। মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৪। প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা এর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৫। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৬। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৭। প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী (পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক)-এর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

০৪-১১-২০২৬
শেখ মাহবুব হাসান
সহকারী বন সংরক্ষক

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বৃক্ষরোপণ সেল
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moefcc.gov.bd

সরকারের নির্বাচনী অঙ্গীকার '০৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ' কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'সেল'-এর ৫ম সভার কার্যবিবরণী

সভাপতি	জনাব নজরুল ইসলাম খান	প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও উপদেষ্টা, কৃষি মন্ত্রণালয়
সভার তারিখ	০৭ অক্টোবর, ২০২৬	বুধবার
সময়	বেলা	২:০০ ঘটিকা
স্থান	মন্ত্রণালয়ের সভাকক্ষ	ভবন নং-০৬, কক্ষ নং- ১৩১৭-১৩১৯

সভার উপস্থিতি তালিকা **পরিশিষ্ট 'ক'।**

০১। উপস্থাপনা ও প্রেক্ষাপট:

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার প্রারম্ভে সভাপতির অনুমতিক্রমে সচিব (ভারপ্রাপ্ত), পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় বৃক্ষরোপণের প্রাসঙ্গিক তথ্যাদি সভায় উপস্থাপন করেন। তিনি বলেন, সরকারের ২৫ কোটি বৃক্ষরোপণ কর্মসূচিতে ১১টি মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থাসমূহ অংশগ্রহণ করেছে এবং আরও কিছু মন্ত্রণালয়/বিভাগ কর্মসূচিতে অংশগ্রহণের লক্ষ্যে নিজস্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করছে। কর্মসূচিতে সম্পৃক্ত দপ্তরগুলো সরকারের দায়িত্ব গ্রহণের তারিখ (১৭ ফেব্রুয়ারি) হতে বৃক্ষরোপণের তথ্য নির্ধারিত ছকে প্রতি ১৫ দিন অন্তর পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে প্রেরণ করছে। তিনি আরও বলেন নির্বাচনী ইশতেহারের আলোকে বৃক্ষরোপণের মাধ্যমে উদ্যোক্তা তৈরি; বিশেষ করে নারী উদ্যোক্তা এবং সবুজ কর্মসংস্থান সৃষ্টির বিষয়কে প্রাধান্য দিয়ে বৃক্ষরোপণের সাথে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরসমূহের সুনির্দিষ্ট ও সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ করা প্রয়োজন।

০২। কর্মসূচির সার্বিক চিত্র:

আলোচনার প্রারম্ভে কোনরূপ ভিন্নমত না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এ পর্যায়ে 'সেল'এর সদস্য সচিব বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর থেকে প্রাপ্ত বৃক্ষরোপণের পরিকল্পনা ও অগ্রগতির তথ্য সভায় উপস্থাপন করেন:

ক) ২০২৬ সালে মোট বৃক্ষরোপণের পরিকল্পনা ও অগ্রগতি:

ক্র. নং	বৃক্ষ রোপণ পরিকল্পনা	চারার সংখ্যা
০১	২০২৬ সালে মোট বৃক্ষরোপণের পরিকল্পনা	৫,১৪,৮৮,৯৩০ (পাঁচ কোটি চৌদ্দ লক্ষ আটাশি হাজার নয়শত ত্রিশ) টি
০২	মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক নিজস্বভাবে উৎপাদিত চারা রোপণ ও পরিচর্যা করা হবে এমন বৃক্ষের সংখ্যা	৩,৮১,৬৬,৫৪০ (তিন কোটি একাশি লক্ষ ছেষট্টি হাজার পাঁচশত চল্লিশ) টি
০৩	নিজস্ব অর্থ ব্যবহারপূর্বক চারা সংগ্রহ/ক্রয় করে রোপণ ও পরিচর্যা করা হবে এমন বৃক্ষের সংখ্যা	১,৩৩,২২,৩৯০ (এক কোটি তেত্রিশ লক্ষ বাইশ হাজার তিনশত নব্বই) টি।
০৪	সরকারের দায়িত্ব গ্রহণের তারিখ (১৭ ফেব্রুয়ারি ২০২৬) থেকে ১৫ সেপ্টেম্বর পর্যন্ত বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক মোট গাছের চারা রোপণ	৩,৫৭,১০,৭৬৫ (তিন কোটি সাতান্ন লক্ষ দশ হাজার সাতশত পয়ষট্টি) টি চারা যা মোট লক্ষ্যমাত্রার ৬৯.৩৬%।
০৫	নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে চলতি বছরে আরও চারা রোপণের প্রয়োজনীয়তা	১,৫৭,৭৮,১৬৫ (৫,১৪,৮৮,৯৩০- ৩,৫৭,১০,৭৬৫) (এক কোটি সাতান্ন লক্ষ আটাত্তর হাজার একশত পয়ষট্টি) টি চারা

খ) নিজস্ব উৎপাদিত চারা রোপণ ও পরিচর্যা করা হবে এমন চারার সংখ্যা:

ক্র. নং	মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা	চারার পরিমাণ
০১	বন অধিদপ্তর	৩,৫০,০০,০০০ টি
০২	কৃষি মন্ত্রণালয়	২৫,০০,০০০ টি
০৩	বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন	৩,৬৬,৫৪০ টি
০৪	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	৩,০০,০০০ টি
	মোট	৩,৮১,৬৬,৫৪০ (তিন কোটি একাশি লক্ষ ছেষট্টি হাজার পাঁচশত চল্লিশ) টি

গ) নিজস্ব অর্থ ব্যবহারপূর্বক চারা সংগ্রহ/ক্রয় করে রোপণ ও পরিচর্যা করা হবে এমন চারার সংখ্যা:

ক্র. নং	মন্ত্রণালয়/বিভাগ	চারার পরিমাণ
০১	স্থানীয় সরকার বিভাগ	১০২৫৯৭৬০ টি
০২	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	১২,৩১,২৯০ টি
০৩	গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়	১১,৮১,৪২০ টি
০৪	রেলপথ মন্ত্রণালয়	১,৬০,০০০ টি
০৫	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	৪,০০,০০০ টি
০৬	পানি সম্পদ মন্ত্রণালয়	৬১,০০০ টি
০৭	সেতু বিভাগ	২৮,৯২০ টি
	মোট	১,৩৩,২২,৩৯০ (এক কোটি তেত্রিশ লক্ষ বাইশ হাজার তিনশত নব্বই) টি

২০২৬ সালে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর কর্তৃক সর্বমোট ৫,১৪,৮৮,৯৩০ (৩,৮১,৬৬,৫৪০+১,৩৩,২২,৩৯০) (পাঁচ কোটি চৌদ্দ লক্ষ আটাশি হাজার নয়শত ত্রিশ) টি বৃক্ষরোপণের পরিকল্পনা রয়েছে।

ঘ) সরকারের দায়িত্ব গ্রহণের তারিখ (১৭ ফেব্রুয়ারি ২০২৬) থেকে ১৫ সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত বৃক্ষরোপণের অগ্রগতি:

ক্র নং	মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর/সংস্থার নাম	২০২৬ সালে বৃক্ষরোপণের পরিকল্পনা	১৭.০২.২০২৬ থেকে ১৫.০৯.২০২৬ পর্যন্ত বৃক্ষরোপণের সংখ্যা	অগ্রগতি হার (%)	চারার প্রজাতির তথ্য	মন্তব্য
কর্মসূচির সাথে সম্পৃক্ত দপ্তরসমূহ						
১	বন অধিদপ্তর	৩,৫০,০০,০০০	১,৫৩,০৪,৩১৩	৪৩.৭৩	আছে	ডিসেম্বর-জানুয়ারিতে ২ কোটি ম্যানগ্রোভ রোপণ পরিকল্পনা।
২	বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন	৩,৬৬,৫৪০	৩,৭৫,৩৭৫	১০২.৪১	আছে	লক্ষ্যমাত্রা অর্জিত।
৩	স্থানীয় সরকার বিভাগ	১,০২,৫৯,৭৬০	১,০২,৫৯,৭৬০	১০০.০০	আছে	লক্ষ্যমাত্রা অর্জিত।
৪	কৃষি মন্ত্রণালয়	২৫,০০,০০০	২৫,০০,০০০	১০০.০০	নাই	লক্ষ্যমাত্রা অর্জিত। নির্ধারিত ছকে পাওয়া যায়নি।

৫	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	১২,৩১,২৯০	৮,৬৩,৭৬৭	৩৯.৯০	আছে	লক্ষ্যমাত্রা (১১,৫৯,৮০০টি) পুনঃনির্ধারণের অনুরোধ করেছে।
৬	গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়	১১,৮১,৪২০	১,১৯,৮২৯	১০.৭১	আছে	লক্ষ্যমাত্রা (৮,৯০,৪৩০টি) পুনঃনির্ধারণের অনুরোধ করেছে।
৭	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	৪,০০,০০০	৪,৬৬,৪৪৬	১১৬.৬১	আছে	লক্ষ্যমাত্রা অর্জিত
৮	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	৩,০০,০০০	৩,৮১,১৫৯	১২৭.০৫	আছে	লক্ষ্যমাত্রা অর্জিত।
৯	রেলপথ মন্ত্রণালয়	১,৬০,০০০	২৫,৮৫৩	১৬.১৬	আছে	অগ্রগতি সন্তোষজনক নয়।
১০	পানি সম্পদ মন্ত্রণালয়	৬১,০০০	৮৭,০২৫	১৪২.৬৬	আছে	লক্ষ্যমাত্রা অর্জিত।
১১	সেতু বিভাগ	২৮,৯২০	২৩,৭৪৭	৮২.১১	আছে	২১/০৯/২০২৬ তারিখ পর্যন্ত
	উপমোট (ক)	৫,১৪,৮৮,৯৩০	৩,০৪,১৭,২৭৪	৫৯.০৮		
		পাঁচ কোটি চৌদ্দ লক্ষ আটাশি হাজার নয়শত ত্রিশ টি চারা	**তিন কোটি চার লক্ষ সতেরো হাজার দুইশত চুয়াত্তর টি চারা**			
অন্যান্য দপ্তরসমূহ (নির্ধারিত ছক অনুসরণ ব্যতীত)						
১২	'One Child One Tree' কর্মসূচির আওতায় বৃক্ষরোপণের তথ্য- মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	-	২,৯১,২২৪			নির্ধারিত ছকে পাওয়া যায়নি।
১৩	পাবলিক বিশ্ববিদ্যালয়- ৩২ (৬২)টি	-	১,৪১,১১৫			বিগত সভায় উল্লেখ করা হয়েছে। নির্ধারিত ছকে পাওয়া যায়নি।
১৪	এনজিও- ৮৩ (১৩১)টি	-	৪০,৩০,৮৬৮			নির্ধারিত ছকে পাওয়া যায়নি।
১৫	চা বাগান এসোসিয়েশন	-	৬,০৪,৯৮৪			নির্ধারিত ছকে পাওয়া যায়নি।

১৬	রাঙ্গার গার্ডেন ওনার্স এসোসিয়েশন	-	২,২৫,৩০০			নির্ধারিত ছকে পাওয়া যায়নি।
	উপমোট (খ)		৫২,৯৩,৪৯১			
	মোট	৫,১৪,৮৮,৯৩০	৩,৫৭,১০,৭৬৫	৬৯.৩৬		
		পাঁচ কোটি চৌদ্দ লক্ষ আটাশি হাজার নয়শত ত্রিশ টি চারা	তিন কোটি সাতান্ন লক্ষ দশ হাজার সাতশত পয়ষট্টি টি চারা			

বন বিভাগ কতৃক উপকূলীয় অঞ্চলে ডিসেম্বর-জানুয়ারি মাসে দুই কোটি ম্যানগ্রোভ চারা রোপণের পরিকল্পনা রয়েছে যা বাস্তবায়িত হলে বৃক্ষরোপণের কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জিত হবে।

সভায় বৃক্ষরোপণ সেল এর পক্ষ থেকে উল্লেখ করা হয় যে, বেশ কিছু দপ্তর এখনও নির্ধারিত ছকে এবং এক্সেল ফরমেটে সমন্বিত আকারে তথ্য প্রেরণ করেনি। এছাড়া, দপ্তর/সংস্থা হতে বৃক্ষরোপণের আংশিক ছবি/ভিডিও পাওয়া গিয়েছে। রোপণের পূর্বে এবং রোপণ পরবর্তী ছবি/ভিডিও সংগ্রহ ও সংরক্ষণ করা এবং চারার তথ্যের ডাটাবেজ মেইনটেইন করার জন্য সংশ্লিষ্ট সকল দপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে।

০৩. আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা:

সদস্য সচিব বলেন, ২০২৬ সালের লক্ষ্যমাত্রা অনুযায়ী মোট ১১টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে ৬টি- পানি সম্পদ মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, কৃষি মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগ ইতিমধ্যে শতভাগ বা তার বেশি লক্ষ্যমাত্রা অর্জন করেছে এবং বাকি ৫টি দপ্তর- সেতু বিভাগ, বন অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এখনও লক্ষ্যমাত্রার চেয়ে পিছিয়ে রয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা প্রয়োজন।

প্রধান বন সংরক্ষক জানান, বন অধিদপ্তরের প্রথম বছরের (ফেব্রুয়ারি ২০২৬ হতে ফেব্রুয়ারি ২০২৭) সাড়ে ৩ কোটি লক্ষ্যমাত্রার মধ্যে বর্ষা মৌসুমে ১ কোটি ৫৩ লক্ষ ৪ হাজার ৩১৩টি চারা রোপণ সম্পন্ন হয়েছে। উপকূলীয় অঞ্চলের জন্য নির্ধারিত ২ কোটি ম্যানগ্রোভ চারা রোপণ প্রকল্পটি বর্তমানে পরিকল্পনা কমিশনে চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায় রয়েছে। কেওড়া বীজের নার্সারি ইতিমধ্যে প্রস্তুত করা হয়েছে; প্রকল্প অনুমোদিত হলে ডিসেম্বর ও জানুয়ারির মধ্যে নোয়াখালী, পটুয়াখালী, ভোলা ও চট্টগ্রাম এই চার জেলায় ২ কোটি ম্যানগ্রোভ চারা রোপণ সম্পন্ন হবে এবং ২০২৬ সালের লক্ষ্যমাত্রা অর্জন হবে।

অতিরিক্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বলেন, দেশব্যাপী খাল খনন কার্যক্রমের সাথে খালের পাড়ে গাছ লাগানোর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হলেও, বর্ষাকালে খালের পাড় পানির নিচে ডুবে যাওয়ায় মন্ত্রণালয়ের লক্ষ্যমাত্রা ব্যাহত হয়েছে। বাস্তবতার কারণে তারা লক্ষ্যমাত্রা পুনর্নির্ধারণ করে ১১,৪৯,০৮০টি করার অনুরোধ জানান। তিনি আরও জানান, বৃক্ষরোপণের জন্য আলাদা বরাদ্দ নেই; কাবিটা-কাবিখা ও টিআর বরাদ্দ থেকে এটি করা হয়, যা অন্য খাতে স্থানান্তরের সুযোগ নেই। তবে কক্সবাজারের শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনে জায়গা থাকায় সেখানে ১ লক্ষ ৫ হাজার অতিরিক্ত গাছ লাগানো সম্ভব হয়েছে।

অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ বলেন, স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর মাধ্যমে বন অধিদপ্তরের বাইরে সবচেয়ে বড় লক্ষ্যমাত্রা (১ কোটি ২ লক্ষ চারা) অর্জিত হয়েছে। তবে চারার স্থায়িত্ব নিশ্চিত করতে প্রতিটি সংস্থাভিত্তিক মনিটরিং কমিটি গঠন করা প্রয়োজন। একই সাথে মাঠপর্যায়ে ফরেস্ট ডিপার্টমেন্টের ডিএফও অফিসগুলোর মাধ্যমে একটি সেন্ট্রাল ও 'ডাবল-ওয়ে মনিটরিং' ব্যবস্থা চালু করা যেতে পারে।

টেকনিক্যাল এক্সপার্ট জনাব জামাইল বশীর বলেন, চারা রোপণের পর গাছগুলো মানুষের উচ্চতার (Man-height) সমপরিমাণ বড় হওয়া এবং অন্তত ৩ (তিন) বছরের পরিচর্যার প্রয়োজন হবে। প্রাকৃতিকভাবেই ৩০% চারা নষ্ট হওয়ার ঝুঁকি থাকে যা যথাযথ পরিচর্যা ছাড়া আরও বাড়বে। ফলে কর্মপরিকল্পনায় চারা রোপণের পর অন্তত তিন বছর পর্যন্ত রক্ষণাবেক্ষণ ও পরিচর্যা অন্তর্ভুক্ত করতে হবে।

প্রধানমন্ত্রীর পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক বিশেষ সহকারী ড. মোঃ সাইমুম পারভেজ বলেন, মেইনস্ট্রিম ও সোশ্যাল মিডিয়ায় বৃক্ষরোপণ কর্মসূচির তথ্যাদি নিয়ে জনগণের মধ্যে এক ধরনের আস্থার সংকট রয়েছে, চারা না লাগিয়ে বিল উত্তোলন এবং চারার অস্বাভাবিক মূল্য প্রদর্শনের মতো নিউজপেপার রিপোর্টের দিকেও নজর দিতে হবে, যেন কোনো অনিয়মের দায় ফ্লাগশিপ

কর্মসূচির উপর না আসে। এ জন্য তিনি সকল ক্ষেত্রেই আর্থিক স্বচ্ছতা বজায় রাখা এবং স্ট্যান্ডার্ড প্রকিউরমেন্ট নীতিমালা অনুসরণ করা প্রয়োজন মর্মে অভিমত ব্যক্ত করেন।

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী বলেন, প্রথম বছরের বৃক্ষরোপণ সন্তোষজনক হলেও সেগুলো মনিটরিং এর স্বার্থে দ্রুত ট্রি মনিটরিং অ্যাপের আওতায় আনা প্রয়োজন। জাতীয় বৃক্ষরোপণ কর্মসূচির কার্যকর বাস্তবায়ন, স্বচ্ছতা, জবাবদিহিতা এবং দীর্ঘমেয়াদি পরিচর্যা নিশ্চিত করার জন্য Tree Monitoring App তৈরি করার বিষয়ে সরকারের নির্বাচনী ইশতেহারে নির্দেশনা রয়েছে। অ্যাপটি চালু করা গেলে অগ্রগতিগুলো দৃশ্যমান হবে এবং সবাই তা দেখতে পাবে। বিভিন্ন তথ্য সহজে যাচাই করাও সম্ভব হবে। বন অধিদপ্তরে এসএসপি, সুফল, হেল্পসহ বিভিন্ন প্রকল্পে এধরণের ছোট ছোট অ্যাপের সংশ্লিষ্টতা রয়েছে। আগামী ১১ তারিখে একটি ওয়ার্কশপ রয়েছে যেখানে ট্রি মনিটরিং অ্যাপ এর স্কোপ নির্ধারণে দৃশ্যমান অগ্রগতি হতে পারে। তবে বন অধিদপ্তর আপাতত চলমান কর্মসূচির তথ্য সংগ্রহ ও উপস্থাপনের জন্য একটি ওয়েব বেইজড ড্যাশবোর্ড চালু করতে পারে। পাশাপাশি ওয়ার্কশপে লব্ধ জ্ঞান ও তথ্য হতে ট্রি মনিটরিং অ্যাপ এর স্কোপ নির্ধারণের পর তদনুযায়ী প্রকল্পের ডিপিপিতে প্রতিফলন ঘটাতে পারে।

পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মন্ত্রী বলেন, আগামী বছরের লক্ষ্য সামনে রেখে আরও বিস্তৃত, স্থায়ী ও কার্যকর কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে। প্রয়োজনীয় সম্ভাব্যতা যাচাইপূর্বক নির্বাচনী ইশতেহারের সাথে সঙ্গতি রেখে পরিকল্পনা গ্রহণ করতে হবে। কর্মসূচির সাথে সংশ্লিষ্ট সকলকে অধিক হারে নার্সারি তৈরি এবং চারা বিতরণের সক্ষমতা অর্জন করতে হবে। সকলকে সম্পৃক্ত করে বৃক্ষরোপণকে একটি সামাজিক আন্দোলনে রূপ দেয়ার জন্য সবাইকে একসাথে কাজ করতে হবে। সভায় উপস্থিত সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।

আলোচনার এ পর্যায়ে সভাপতি কঠোর বার্তা দিয়ে বলেন, দোষ না করে কর্মসূচির ওপর কোনো অনিয়মের দায় সেল নিতে রাজি নয়। পত্রপত্রিকায় কোনো অভিযোগ এলে সংশ্লিষ্ট মন্ত্রণালয় তদন্ত করে ব্যবস্থা নেবে, প্রয়োজনে সেল স্বাধীন তদন্ত করবে। চারা রোপণের দৃশ্যমানতা নিশ্চিতে আগামী ১১ তারিখে বন অধিদপ্তরের ওয়ার্কশপে 'ট্রি মনিটরিং অ্যাপ' চালুর বিষয়ে কার্যকর পদক্ষেপ নিতে হবে। কার্বন ক্রেডিটের প্রাতিষ্ঠানিক ও আন্তর্জাতিক প্রক্রিয়ার বিষয়ে আলোচনার জন্য আগামী নভেম্বরের প্রথম সপ্তাহে একটি ওয়ার্কশপের আয়োজন করা যেতে পারে। এছাড়া, বিদ্যমান নার্সারিগুলোর তথ্য সংগ্রহ করে এর মাধ্যমে আগামী ৪ বছরে সরকারের প্রতিশ্রুতি অনুযায়ী বিপুলসংখ্যক মানুষের জন্য পরিবেশবান্ধব কর্মসংস্থান নিশ্চিত করার উদ্যোগ নিতে হবে। সেল এর সভার গুরুত্ব বিবেচনায় প্রজ্ঞাপনে উল্লিখিত সেল এর নির্ধারিত সদস্যকে সভায় অংশগ্রহণ করতে হবে মর্মে সভাপতি অভিমত ব্যক্ত করলে উপস্থিত সকলে তাতে একমত পোষণ করেন। এছাড়া, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, এনজিও এফেয়ার্স ব্যুরো এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে সেল এ কো-অপ্ট করার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

০৪। **সিদ্ধান্ত:**

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৪.১ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরসমূহ কর্তৃক ২০২৬ সালের ৩০ সেপ্টেম্বর পর্যন্ত প্রদত্ত ছক অনুযায়ী বৃক্ষরোপণের তথ্যাদির সফটকপি (xls) সহ ও ছবি/ভিডিও সংগ্রহ করে আগামী ৩০ অক্টোবর ২০২৬ তারিখের মধ্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের বৃক্ষরোপণ সেল এ প্রেরণ করতে হবে;

৪.২ বৃক্ষরোপণের সাথে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক আগামী ০৪ (চার) বছরের বছরভিত্তিক বৃক্ষরোপণের লক্ষ্যমাত্রা, রোপিত চারার পরিচর্যা ও রক্ষণাবেক্ষণ, সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী সবুজ কর্মসংস্থান সৃজন ও নার্সারি উদ্যোক্তা তৈরির বিষয়ে সুনির্দিষ্ট ও তথ্যবহুল কর্মপরিকল্পনা ৩০ অক্টোবর ২০২৬ তারিখের মধ্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে;

৪.৩ 'ট্রি মনিটরিং অ্যাপ'-এ কী কী তথ্য থাকবে তা নির্ধারণ করতে হবে এবং সকলকে অ্যাপে সম্পৃক্ত করাসহ স্বল্প ব্যয়ে অ্যাপ তৈরির বিষয় বিবেচনা করতে হবে। এ বিষয়ে ১১/১০/২০২৬ তারিখে বন অধিদপ্তরে অনুষ্ঠিত ওয়ার্কশপ হতে লব্ধ জ্ঞান ও তথ্যের আলোকে ট্রি মনিটরিং অ্যাপ এর স্কোপ নির্ধারণের পর তদনুযায়ী প্রকল্পের ডিপিপিতে প্রতিফলন ঘটাতে হবে। পাশাপাশি অ্যাপ চালু না হওয়া পর্যন্ত বন অধিদপ্তর চলমান কর্মসূচির তথ্য সংগ্রহ ও উপস্থাপনের জন্য একটি ওয়েব বেইজড ড্যাশবোর্ড চালু করবে;

CamScanner

৪.৪ কার্বন ক্রেডিটের প্রাতিষ্ঠানিক ও আন্তর্জাতিক প্রক্রিয়ার বিষয়ে আলোচনার জন্য আগামী নভেম্বরের প্রথম সপ্তাহে একটি ওয়ার্কশপের আয়োজন করতে হবে;

৪.৪ দেশের সকল জেলা-উপজেলায় সরকারি ও বেসরকারি উদ্যোগে নতুন নার্সারি তৈরির উদ্যোগ নিতে হবে, যা গ্রীন জব ও স্থানীয় কর্মসংস্থান সৃষ্টিতে ভূমিকা রাখবে। সরকারি দপ্তরের আওতাধীন জেলা-উপজেলার বিদ্যমান নার্সারি, জনবল ও চারা উৎপাদন সক্ষমতার তথ্য সংগ্রহ করতে হবে;

৪.৫ বৃক্ষরোপণ কার্যক্রমে বেসরকারি খাতকে সম্পৃক্ত করার লক্ষ্যে শিল্প মালিক সংস্থা/সংগঠন এর সাথে বৃক্ষরোপণ সেল বিশেষ সভা/সংলাপের আয়োজন করবে;

৪.৬ যেসকল বেসরকারি সংস্থাকে বৃক্ষরোপণ কর্মসূচিতে অন্তর্ভুক্তির জন্য পত্র দেওয়া হয়েছিল, তাদের দ্রুত মতামত জানানোর জন্য তাগিদপত্র প্রেরণ করতে হবে;

৪.৭ স্বরাষ্ট্র মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং এনজিও বিষয়ক ব্যুরোকে সেলে কো-অপ্ট (অন্তর্ভুক্ত) করার জন্য বৃক্ষরোপণ সেল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

৪.৮ বৃক্ষরোপণ কার্যক্রমে কোনো অনিয়মের অভিযোগ বা কারও কোনো গাফিলতি পরিলক্ষিত হলে বৃক্ষরোপণ সেল এ রেকর্ড রাখা এবং সংশ্লিষ্ট/বিভাগ কর্তৃক তদন্তপূর্বক আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৪.৯ সেলের সভার গুরুত্ব বিবেচনায় প্রজ্ঞাপনে উল্লিখিত নির্ধারিত সদস্যকে সভায় অংশগ্রহণ করতে হবে;

৪.১০ কর্মসূচির হিসাব ও বছর গণনার সুবিধার্থে সরকারের দায়িত্ব গ্রহণের পর অর্থাৎ মার্চ মাস হতে পরবর্তী বছরের ফেব্রুয়ারি মাস পর্যন্ত বৃক্ষরোপণের জন্য ১ বছর গণনা করতে হবে;

৪.১১ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্মসূচীর আওতাভুক্ত হওয়ায় তাদের সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রেরণ করতে হবে। 'One Tree One Child' প্রকল্পের আওতায় বৃক্ষরোপণের তথ্য এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ের বৃক্ষরোপণের তথ্য নির্ধারিত ছকে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

৪.১২ বৃক্ষরোপণ কর্মসূচিতে সম্পৃক্ত সকল এনজিও'র চারা রোপণের তথ্য নির্ধারিত ছকে ও সমন্বিত আকারে প্রেরণের লক্ষ্যে এনজিও এফেয়ার্স ব্যুরো প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

০৫। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নজরুল ইসলাম খান
প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও
উপদেষ্টা, কৃষি মন্ত্রণালয়
ও
সভাপতি
'০৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ' কর্মসূচি
বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'সেল'

স্মারক নং: ২২.০০.০০০০.০৯৩.৩১.০০৬.২৬.৫২

তারিখ ৯ই কার্তিক ১৪৩৩ / ২৫ অক্টোবর ২০২৬

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, রেলপথ মন্ত্রণালয়, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
৬। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, নিউ এয়ারপোর্ট রোড, বনানী, ঢাকা।
১০। সচিব, শিল্প মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। মহাপরিচালক (সচিব), এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, আগারগাঁও, ঢাকা।
১৭। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০। সচিব (ভারপ্রাপ্ত), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১। ড. মোঃ সাইমুম পারভেজ, প্রধানমন্ত্রীর পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক বিশেষ সহকারী (সচিব পদমর্যাদা)।
২২। অধ্যাপক ড. মোঃ নূরুল ইসলাম, ভাইস চ্যান্সেলর, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ও সদস্য '৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ' সেল।
২৩। চেয়ারম্যান, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, ঢাকা।
২৪। অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫। প্রধান বন সংরক্ষক (ভারপ্রাপ্ত), বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২৬। যুগ্মসচিব (বৃক্ষরোপণ সেল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬। জনাব জামাইল বশীর জেবি, টেকনিক্যাল এক্সপার্ট ও সদস্য '৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ' সেল।
২৭। মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২৮। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২৯। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব এঁর সদয় অবগতির জন্য)।

২৫.১০.২৬

(মুহাম্মদ মনসুর উদ্দিন)
উপসচিব

CamScanner

সরকারের '৫ বছরে ২৫ কোটি' বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা

ছক(ক)- চারা সংগ্রহের উৎস ও লক্ষ্যমাত্রা

মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/দপ্তর	নিজস্বভাবে উৎপাদিত চারা	অন্যান্য উৎস হতে সংগৃহীত চারা	মোট
২০২৬ ১ম বছর (মার্চ-ফেব্রুয়ারী)	-		
২০২৭ ২য় বছর (মার্চ-ফেব্রুয়ারী)	-		
২০২৮ ৩য় বছর (মার্চ-ফেব্রুয়ারী)	-		
২০২৯ ৪র্থ বছর (মার্চ-ফেব্রুয়ারী)	-		
২০৩০ ৫ম বছর (মার্চ-ফেব্রুয়ারী)	-		
সর্বমোট			

* বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে দপ্তরসমূহকে পর্যাপ্ত চারা উৎপাদন সক্ষমতা তৈরি করতে হবে।

CamScanner

সরকারের '৫ বছরে ২৫ কোটি' বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা

ছক(খ)- বৃক্ষরোপণ কর্মপরিকল্পনা

বছর	রোপণ এলাকা			বনায়নের ধরণ (প্রযোজ্য ধরণ উল্লেখ করতে হবে)	বাগানের পরিমাণ (হেক্টর/কি.মি.)	চারার প্রজাতি	চারার সংখ্যা	মন্তব্য
	জেলা	উপজেলা	ইউনিয়ন					
২০২৬-১ম বছর (মার্চ-ফেব্রুয়ারী)				ম্যানগ্রোভ বনায়ন				
				স্ট্রীপ বনায়ন				
				ব্লক বাগান				
				দ্রুত বর্ধনশীল বৃক্ষের স্বল্প মেয়াদী বাগান				
				দীর্ঘ মেয়াদী বাগান				
				এ্যাসিস্টেড ন্যাচারাল রিজেনারেশন (এএনআর) বাগান				
				এনরিচমেন্ট বনায়ন				
				বন্যপ্রাণীর খাদ্যোপযোগী উদ্ভিদপ্রজাতির বনায়ন				
				বাঁশ বাগান সৃজন				
				নারিকেল বনায়ন				
				বেত বাগান সৃজন				
				কমিউনিটি জনগণের মধ্যে বিতরণ				
				নগর বনায়ন, বসতবাড়ি বনায়ন এবং প্রতিষ্ঠান বনায়ন				
				বিরল বিপন্ন প্রজাতীর বনায়ন				
					পরিমাণ (উপমোট)			
২০২৭-২য় বছর (মার্চ-ফেব্রুয়ারী)								
					পরিমাণ (উপমোট)			
২০২৮-৩য় বছর (মার্চ-ফেব্রুয়ারী)								
					পরিমাণ (উপমোট)			
২০২৯-৪র্থ বছর (মার্চ-ফেব্রুয়ারী)								
					পরিমাণ (উপমোট)			
২০৩০-৫ম বছর (মার্চ-ফেব্রুয়ারী)								
					পরিমাণ (উপমোট)			
					পরিমাণ (মোট)			

* সংস্থাসমূহ নিজস্ব বনায়নের ধরণ ও লক্ষ্যমাত্রা অনুযায়ী ছকের তথ্য প্রদান করবে।

CamScanner

CamScanner

সরকারের '৫ বছরে ২৫ কোটি' বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা

ছক(গ)- রোপিত চারার রক্ষণাবেক্ষণ ও পরিচর্যা পরিকল্পনা

বছর	রোপণ এলাকা/বাগানের তথ্য						রক্ষণাবেক্ষণ ও পরিচর্যা কার্যক্রম (তথ্য/সংখ্যা)				দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও নম্বর
	জেলা	উপজেলা	ইউনিয়ন	গ্রাম	বাগান/প্লটের নাম/তথ্য	রোপিত চারার সংখ্যা	সেচ/পানি প্রদান	আগাছা/মাটি পরিস্কার	রোগ-পোকা দমন	সার্ভাইবাল জরিপ	
২০২৬-১ম বছর (মার্চ-ফেব্রুয়ারী)											
২০২৭-২য় বছর (মার্চ-ফেব্রুয়ারী)											
২০২৮-৩য় বছর (মার্চ-ফেব্রুয়ারী)											
২০২৯-৪র্থ বছর (মার্চ-ফেব্রুয়ারী)											
২০৩০-৫ম বছর (মার্চ-ফেব্রুয়ারী)											

* কর্মসূচির সাথে সম্পৃক্ত দপ্তরসমূহকে নিজস্ব দাপ্তরিক কাঠামো ও সক্ষমতার আলোকে রোপিত চারার রক্ষণাবেক্ষণ ও পরিচর্যা পরিকল্পনা প্রণয়ন করতে হবে।

CamScanner

সরকারের '৫ বছরে ২৫ কোটি' বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা
ছক(ঘ)- সবুজ কর্মসংস্থান সৃজন ও নার্সারি উদ্যোক্তা তৈরির লক্ষ্যমাত্রা

ক্র: নং	সবুজ কর্মসংস্থান সৃজন ও নার্সারি উদ্যোক্তা তৈরি	লক্ষ্যমাত্রা					নোট
		২০২৬	২০২৭	২০২৮	২০২৯	২০৩০	
		১ম বছর (মার্চ-ফেব্রুয়ারী)	২য় বছর (মার্চ-ফেব্রুয়ারী)	৩য় বছর (মার্চ-ফেব্রুয়ারী)	৪র্থ বছর (মার্চ-ফেব্রুয়ারী)	৫ম বছর (মার্চ-ফেব্রুয়ারী)	
১	নার্সারি উদ্যোক্তা তৈরি (সংখ্যা)						
২	সবুজ কর্মসংস্থান সৃজন (সংখ্যা)						
৩	বৃক্ষরোপণ সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রদান (সংখ্যা)						
মোট							

* সরকারের লক্ষ্যমাত্রা অনুযায়ী ৫ বছরে ১০০০০ নার্সারি উদ্যোক্তা তৈরি করতে হবে এবং ৩৫০০০০ সবুজ কর্মসংস্থান সৃজন করতে হবে।

সরকারের '৫ বছরে ২৫ কোটি' বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা

ছক(৬)- বৃক্ষরোপণস্থল পরিবীক্ষণ/পরিদর্শন লক্ষ্যমাত্রা

মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/দপ্তর	২০২৬ ১ম বছর (মার্চ-ফেব্রুয়ারী)		২০২৭ ২য় বছর (মার্চ-ফেব্রুয়ারী)		২০২৮ ৩য় বছর (মার্চ-ফেব্রুয়ারী)		২০২৯ ৪র্থ বছর (মার্চ-ফেব্রুয়ারী)		২০৩০ ৫ম বছর (মার্চ-ফেব্রুয়ারী)		মোট	
	লক্ষ্যমাত্রা	সম্পন্ন	লক্ষ্যমাত্রা	সম্পন্ন	লক্ষ্যমাত্রা	সম্পন্ন	লক্ষ্যমাত্রা	সম্পন্ন	লক্ষ্যমাত্রা	সম্পন্ন	লক্ষ্যমাত্রা	সম্পন্ন
সর্বমোট												

* বৃক্ষরোপণ কার্যক্রমকে কর্মসূচির সাথে সংশ্লিষ্ট দপ্তরসমূহের নিয়মিত কার্যক্রমের অংশ করতে হবে এবং সকলকে সম্পৃক্ত করে সবুজ বিপ্লব সৃষ্টির উদ্যোগ নিতে হবে।

file:///C:/Users/.../বৃক্ষরোপণ কর্মসূচি/file_5af1512008e802_85238339.xlsx

পরিবীক্ষণ লক্ষ্যমাত্রা

সরকারের '৫ বছরে ২৫ কোটি' বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে বৃক্ষরোপণ সংক্রান্ত পাক্ষিক তথ্য প্রদান ছক

ক্র. নং	মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ সংস্থা/ বিশেষায়িত ইউনিট/ এনজিও/ নাগরিক	জেলার নাম	উপজেলার নাম	ইউনিয়নের নাম	গ্রামের নাম	রোপণকৃত বৃক্ষের চারার প্রজাতির নাম	রোপণকৃত বৃক্ষের চারার প্রজাতি ভিত্তিক সংখ্যা	রোপণকৃত চারার সংখ্যা	বাগানের পরিমাণ হেক্টর/ কি.মি (প্রযোজ্য ক্ষেত্রে)	বৃক্ষরোপণের তারিখ	বৃক্ষরোপণের সুনির্দিষ্ট এলাকা (জিওগ্রাফিক্যাল কো-অর্ডিনেট সহ)	পরিচর্যা/ রক্ষণাবেক্ষণের সংখ্যা ভিত্তিক তথ্য (তারিখ সহ)	জীবিত চারার সংখ্যা	পরিচর্যাকারীর নাম ও ফোন নম্বর	মনিটরিং অফিসার/ জেলা ফোকাল পয়েন্টের নাম ও ফোন নম্বর
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬

বাগানের সার্বিক বিষয়ে (পরিচর্যা/ স্বাস্থ্য উচ্চতা/ পাতার আচ্ছাদন) মন্তব্য
১৭

CamScanner

সরকারের '৫ বছরে ২৫ কোটি' বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে বৃক্ষরোপণ সংক্রান্ত পাক্ষিক তথ্য প্রদান ছক

ক্র. নং	মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ সংস্থা/ বিশেষায়িত ইউনিট/ এনজিও/ নাগরিক	জেলার নাম	উপজেলার নাম	ইউনিয়নের নাম	গ্রামের নাম	রোপণকৃত বৃক্ষের চারার প্রজাতির নাম	রোপণকৃত বৃক্ষের চারার প্রজাতি ভিত্তিক সংখ্যা	রোপণকৃত চারার সংখ্যা	বাগানের পরিমাণ হেক্টর/ কি.মি (প্রযোজ্য ক্ষেত্রে)	বৃক্ষরোপণের তারিখ	বৃক্ষরোপণের সুনির্দিষ্ট এলাকা (জিওগ্রাফিক্যাল কো-অর্ডিনেট সহ)	পরিচর্যা/ রক্ষণাবেক্ষণের তারিখ সহ সংখ্যা ভিত্তিক তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে)	জীবিত চারার সংখ্যা	পরিচর্যাকারীর নাম ও ফোন নম্বর	মনিটরিং অফিসার/ জেলা ফোকাল পয়েন্টের নাম ও ফোন নম্বর
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
১	যশোর সামাজিক বন বিভাগ	যশোর	বাঘারপাড়া	পদ্মবিলা	রাঘবপুর	মেহগনি	৭০০	২৫০০	১ হেক্টর	২৪/০৬/২০২৬	23±18'40"N 89±17'40.5E	১ বার আগাছা পরিস্কার ও সার প্রয়োগ ২৫/০৮/২০২৬	২৪৫০	এম.এম. মিজানুর রহমান, ভারপ্রাপ্ত কর্মকর্তা, যশোর। মোবা:	প্রিয়াংকা হালদার, সহকারী বন সংরক্ষক, যশোর মোবা:
						টিকরাশি	১০০০								
						কাউ	৮০০								

বাগানের সার্বিক বিষয়ে (পরিচর্যা/ স্বাস্থ্য উচ্চতা/ পাতার আচ্ছাদন) মন্তব্য	১৭	গাছের চারার মান, উচ্চতা, চারার স্বাস্থ্য ও পাতার আচ্ছাদন, রোপণের মধ্যবর্তী দুরত্ব, মৃত চারার তথ্য, পরিচর্যার মান ইত্যাদি সংক্রান্ত মন্তব্য

CamScanner